

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ফটকে  
তালা ৥ ডীন নির্বাচন  
হতে পারেনি**

।। নিম্ন প্রতিনিধি ।।  
চট্টগ্রাম, ২৫ সেপ্টেম্বর।- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন নির্বাচন আজ অনুষ্ঠিত হতে পারেনি। এই নির্বাচন বানচাল করার উদ্দেশ্যে জামাতপন্থী মেয়াদ উত্তীর্ণ শিক্ষক সমিতির ২ জন কর্মকর্তা কর্তৃক শেষ পৃঃ ৬-এর কলামে

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ফটকে**

প্রথম পৃষ্ঠার পর

বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতির কর্মসূচির ঘোষণা এবং ছাত্রনামধারী একটি ক্যাসিট গোষ্ঠী ছাত্র ধর্মঘটের নামে একই উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকসহ সমগ্র বিশ্ববিদ্যালয় তালা বন্ধ করে রাখার ফলেই এ নির্বাচন অনুষ্ঠিত হতে পারেনি।

এদিকে আজ বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকদের এক সভায় ডঃ হুজাত আলী প্রামাণিককে গত ১ জুনের শিক্ষকদের এক তলবী সভার সিদ্ধান্ত মোতাবেক গত ৩ আগস্ট তারিখে ঘোষিত শিক্ষক সমিতির নির্বাচন তফসিল পুনঃনির্ধারণপূর্বক নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়েছে। গত ১ জুনের তলবী সভায় ডঃ হুজাত আলীকে নির্বাচন কমিশনার করা হয়েছিল। সেই অনুযায়ী নির্বাচন কমিশনার ডঃ হুজাত আলী নতুন করে শিক্ষক সমিতির নির্বাচন তফসিল ঘোষণা করেছেন।

উল্লেখ্য, গত ৩ আগস্ট শিক্ষকদের তলবী সভার সিদ্ধান্ত মোতাবেক ডঃ হুজাত আলী প্রামাণিক ১৯৯১ সালের শিক্ষক সমিতির কার্যনির্বাহী পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করেন। এর পরপরই মেয়াদ উত্তীর্ণ কার্যনির্বাহী পরিষদ মনোনীত নির্বাচন কমিশনার ডঃ মাহফুজুল হকও তড়িঘড়ি করে গত ৫ আগস্ট তারিখে নির্বাচন তফসিল ঘোষণা করে বসেন। এমতাবস্থায় সমিতিতে এক্যবদ্ধ রাখার আন্তরিক সদিচ্ছার নিদর্শনস্বরূপ তলবী সভায় গঠিত নির্বাচন কমিশনার হুজাত আলী প্রামাণিক পূর্ব ঘোষিত নির্বাচন তফসিল স্থগিত রাখেন। কিন্তু বার বার তারিখ পিছিয়ে দিয়ে মেয়াদ উত্তীর্ণ শিক্ষক সমিতির নির্বাচন কমিশনার অবশেষে ২৩-০৯-৯১ ও ২৬-০৯-৯১ ইং তারিখে অনুষ্ঠের শিক্ষক সমিতির নির্বাচন অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখার প্রেক্ষিতে আজকের এসডা। ডঃ হুজাত আলীকে গত ১ জুনের তলবী সভার সিদ্ধান্ত মোতাবেক গত ৩ আগস্ট তারিখে ঘোষিত নির্বাচন তফসিল পুনঃনির্ধারণপূর্বক নির্বাচন কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ জানালে তিনি এই নির্বাচন তফসিল ঘোষণা করেন।

104